দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 OCT 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

কবি নজরুল বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষা ২৪-২৮ নভেম্বর আবেদন ১ অক্টোবর হতে ১২ নভেম্বর

■ ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা আগামী ২৪ নভেম্বর হতে ২৮ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। পহেলা অক্টোবর হতে ১২ নভেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ করা হচ্ছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক ২৪ নভেম্বর ক ইউনিট, ২৫ নভেম্বর খ ইউনিট, ২৬ নভেম্বর গ ইউনিট, ২৭ নভেম্বর ঘ ইউনিট এবং ২৮ নভেম্বর ঙ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক ইউনিটে আবেদন করতে ছয়শ টাকা প্রদান করতে হবে। বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (জনসংযোগ) এস এম হাফিজুর রহমান জানান, ভর্তি পরীক্ষার অন্যান্য তথ্যাদি পরবর্তীতে বিভিন্ন পত্রিকা ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)-এ প্রদান করা হবে।